

সাক্ষরতা দক্ষতা এবং পড়ার প্রতি আগ্রহের উপর হস্তক্ষেপমূলক গবেষণা (লুকিভা)

প্রিয় অভিভাবক,

আপনার সন্তানকে সাক্ষরতা দক্ষতা এবং পড়ার প্রতি আগ্রহ বিষয়ক একটি হস্তক্ষেপমূলক গবেষণায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। আপনার সন্তান তার প্রারম্ভিক শৈশব শিক্ষা বা প্রাক-প্রাথমিক শিক্ষা দলের দৈনন্দিন কার্যকলাপের অংশ হিসাবে এই গবেষণায় অংশগ্রহণ করবে। এই গবেষণাটি সিটি অফ হেলসিঙ্কির শিক্ষা বিভাগ, আল্টো বিশ্ববিদ্যালয়, ইয়ুভাস্কিলা বিশ্ববিদ্যালয় এবং তুর্ক বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় পরিচালিত হচ্ছে।

1. গবেষণাটি কী বিষয়ে হচ্ছে?

পড়ার সেশন চলাকালীন সংলাপভিত্তিক পঠন পদ্ধতি প্রয়োগ করা এবং শিশুদের পড়ার পরিমাণ বৃদ্ধি করা কীভাবে তাদের সাক্ষরতার দক্ষতা এবং পড়ার প্রতি আগ্রহ বাড়াতে পারে, তা এই গবেষণায় তা অনুসন্ধান করা হবে। শিশুদের দলগুলিতে পড়ার অভ্যাসও পর্যালোচনা করা হবে।

গবেষণায় অংশগ্রহণকারী হল হেলসিঙ্কির প্রারম্ভিক শিশু শিক্ষা এবং প্রাক-প্রাথমিক শিক্ষার স্থানগুলি। এই স্থানগুলিকে এলোমেলোভাবে পাইলট এবং কন্ট্রোল স্থানে বিভক্ত করা হয়েছে। গবেষণাটি 2026 সালের জানুয়ারিতে শুরু হবে এবং 2026 সালের মে মাসে শেষ হবে।

পাইলট স্থানগুলিতে, 5–6 বছর বয়সী (2019 এবং 2020 সালে জন্মগ্রহণকারী) শিশুরা সপ্তাহে দুইবার সংলাপ পদ্ধতি ব্যবহার করে শিক্ষক পরিচালিত পঠন সেশনে অংশগ্রহণ করবে। এই পঠন সেশনগুলি শিশুদের প্রশ্ন করার, চিন্তা করার এবং তাদের নিজস্ব ধারণাগুলি ভাগ করে নেওয়ার সুযোগ করে দেবে, একই সাথে তাদের সাক্ষরতার দক্ষতা ও পড়ার প্রতি আগ্রহকে সুদৃঢ় করবে। এই সেশনগুলির বাইরে, শিশুদের আরও প্রথা বৰ্হিভূত পরিবেশে বই পড়ে শোনানো হবে। কন্ট্রোল স্থানগুলিতে, শিশুদের সাক্ষরতা দক্ষতা স্বাভাবিক পদ্ধতিতে সহায়তা করা হয়। আপনার সন্তান কন্ট্রোল গ্রুপে আছে নাকি পাইলট গ্রুপে, তা জানতে চাইলে আপনি আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করতে পারেন।

2. আপনার সন্তানকে কেন এই গবেষণায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে?

এই গবেষণাটি হেলসিঙ্কি শহরের বিধিবন্দন গুণমান মূল্যায়ন এবং উন্নয়ন কাজের একটি অংশ। আপনার সন্তানের ডে-কেয়ার কেন্দ্র বা প্রাক-প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানটিকে এই গবেষণার অংশ হিসাবে নির্বাচন করা হয়েছে। এই চিঠিটি পাইলট এবং কন্ট্রোল গ্রুপ উভয় দলের শিশুদের অভিভাবকদের কাছে পাঠানো হয়েছে।

3. এই গবেষণায় কী ধরনের তথ্য সংগ্রহ করা হবে?

এই সমীক্ষায় শিশুদের মূল্যায়নের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। শিশুদের মূল্যায়নে পরীক্ষার মাধ্যমে প্রাপ্ত তাদের সাক্ষরতার দক্ষতার তথ্য, এবং সেইসাথে শিশুর ওপর শিক্ষকের মূল্যায়ন অন্তর্ভুক্ত থাকে। শিশুর শিক্ষকের সাথে একান্তে সাক্ষরতার কাজগুলি করবে। শিক্ষক শিশুর ভাষা দক্ষতা, পড়ার প্রতি আগ্রহ, আত্ম-নিয়ন্ত্রণের দক্ষতা এবং পঠন সেশন চলাকালীন তাদের কার্যকলাপ মূল্যায়ন করবেন। এছাড়াও, 2026 সালের বসন্তকালে শিশুটি কয়টি সংলাপভিত্তিক পঠন সেশনে অংশগ্রহণ করবে, সেই সংক্রান্ত তথ্যও সংগ্রহ করা হবে।

4. সংগৃহীত তথ্য নিয়ে কী করা হবে?

তুর্কুু বিশ্ববিদ্যালয় মূল্যায়ন সংক্রান্ত তথ্যকে সিটি অফ হেলসিঙ্কি কর্তৃক প্রদত্ত শিশুদের দলের সাথে সম্পর্কিত পটভূমিকা তথ্যের সঙ্গে একত্রিত করবে। এরপর ডেটাগুলি ইয়ুভাফ্লি বিশ্ববিদ্যালয়ে পাঠানো হবে, যেখানে সেগুলি শিক্ষক সমীক্ষার তথ্যের সাথে একত্রিত করা হবে। শিক্ষক সমীক্ষায় শিক্ষকদের বিষয়ে এবং তাদের দলের পঠন সেশনগুলি সম্পর্কে তথ্য সংগ্রহ করা হবে। সমন্বিত ডেটা ফিনল্যান্ডের পরিসংখ্যান দপ্তরে পাঠানো হবে, যেখানে সম্পূর্ণ তথ্য প্রতিটি শিশুর নিবন্ধন তথ্যের সঙ্গে একত্রিত করা হবে। এরপরে, শিশুদের সরাসরি শনাক্তকরণ তথ্য মুছে ফেলা হবে। ইয়ুভাফ্লি বিশ্ববিদ্যালয় গবেষণা দলের জন্য ডেটাগুলিকে গবেষণা উপাদানে রাখান্তরিত করবে, যাতে কোনো একক শিশু, শিক্ষক, শিশুদের দল বা স্থানগুলিকে শনাক্ত করা না যায়, তা নিশ্চিত করা হবে। ব্যক্তিগত তথ্যের প্রক্রিয়াকরণ সম্পর্কে আরও বিস্তারিত বিবরণ আপনি এখানে পাবেন।

ডেটা সর্বদা নিরাপদে স্থানান্তরিত এবং প্রক্রিয়াজাত করা হবে।

5. আপনি কী আরও বেশী কিছু জানতে চান?

এই গবেষণা সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে বা আরও তথ্য জানতে চাইলে, অনুগ্রহ করে lukiva@jyu.fi অথবা vare.tptutkimus@hel.fi ঠিকানায় ইমেল করুন।

6. গোপনীয়তা রক্ষা এবং আপনার অধিকার

আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য সম্পূর্ণ গোপনীয়তার সঙ্গে প্রক্রিয়াকরণ করা হবে। শুধুমাত্র অনুমোদিত গবেষকরাই গবেষণার ডেটাতে প্রবেশাধিকার পাবেন। সংগৃহীত ডেটা এবং তা কীভাবে প্রক্রিয়াজাত ও সংরক্ষণ করা হবে, তা গোপনীয়তা নীতিতে বর্ণনা করা আছে। গোপনীয়তা নীতি নিম্নলিখিত ঠিকানায় উপলব্ধ আছে (www.educaflagship.fi/lukiva-tietosuojaailmoitus)।

7. গবেষণায় অংশগ্রহণ

এই গবেষণায় শিশুদের অংশগ্রহণ সম্পূর্ণ স্বেচ্ছামূলক। ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণ বৈজ্ঞানিক গবেষণা এবং শিক্ষার বিধিবন্ধু গুণমান মূল্যায়নের উপর ভিত্তি করে করা হবে। সন্তানের অংশগ্রহণের জন্য পিতামাতা বা অভিভাবকের সম্মতি দেওয়ার প্রয়োজন নেই। তবে, তারা কোনো কারণ না দেখিয়ে এবং কোনো নেতৃত্বাচক পরিণতি ছাড়াই একটি পৃথক বিজ্ঞপ্তির মাধ্যমে তাদের সন্তানের অংশগ্রহণ প্রত্যাখ্যান করতে পারেন।

যদি আপনি আপনার সন্তানকে এই সমীক্ষায় অংশগ্রহণের অনুমতি না দেন, তাহলে ডে-কেয়ার কেন্দ্র বা প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের ডি঱েক্টরের সাথে যোগাযোগ করুন এবং আপনার সন্তানের নাম ও গ্রন্তির নাম জানিয়ে বিষয়টি তাঁদের এই বিষয়ে অবহিত করুন। ডে-কেয়ার কেন্দ্র বা প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের ডি঱েক্টর এই তথ্য vare.tptutkimus@hel.fi ঠিকানায় পাঠিয়ে দেবেন।